গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

বিষয়: ২০২০ শিক্ষাবর্ষে ঢাকা মহানগরী ব্যতিত জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত দেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
সভার স্থান : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্টুডিও কক্ষ।
তারিখ : ১৭/১১/২০১৯খ্রি. সময় : সকাল : ১১.০০ ঘটিকা ও বিকাল : ০২.০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সূচনা বক্তব্যে বলেন যে, ঢাকা মহানগরীসহ দেশব্যাপী সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা পরিচালনা সংশ্লিষ্ট ভর্তি কমিটির তত্ত্বাবধানে প্রতিবছরই সুষ্ঠু, সুন্দর ও সুচারুরূপে অনুষ্ঠিত হয়েছে। ২০২০ শিক্ষাবর্ষেও যাতে অতীতের ধারাবাহিকতা বজায় রেখে ভর্তি পরীক্ষাসহ যাবতীয় কার্যাদি আরও সুন্দরভাবে পরিচালনা করা যায় সে বিষয়ে সকলের সুচিন্তিত মতামত প্রদানের জন্য আহবান জানান। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভায় আরও বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ আবদুল মান্নান, পরিচালক (মাধ্যমিক), মাউশি অধিদপ্তর, ঢাকা । সভায় উপস্থিত সদস্য সচিবগণ আলোচনায় অংশগ্রহণ করেন। টেলিটক বাংলাদেশ লিমিটেড এর প্রতিনিধি অনলাইনে আবেদন প্রক্রিয়ার উপর আলোচনা করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম. | বিষয় | প্রস্তাব | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ভর্তি পরীক্ষা সংক্রান্ত আলোচনা। | ২০১৯ শিক্ষাবর্ষে ঢাকা মহানগরীর ন্যায় বিভাগীয় ও জেলা সদরে এবং উপজেলায় অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইনের মাধ্যমে ভর্তি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রস্তাব করা হলো। | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যমান শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুযায়ী বিভাগীয়, জেলা ও উপজেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সংশ্লিষ্ট জেলা ভর্তি কমিটি অনলাইনের মাধ্যমে ভর্তি পরীক্ষার কার্যক্রম সম্পাদন করবেন। তবে যেখানে online সুবিধা নেই কিংবা পর্যাপ্ত নয় সেখানে offline-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করা যাবে। |
| ২. | ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ: (দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত)। | ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনার জন্য প্রস্তাব করা হলো। | বিভাগীয় সদর, জেলা ও উপজেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ডিসেম্বর/২০১৯ এর মধ্যে ভর্তি পরীক্ষা সম্পন্ন করার জন্য জেলা কমিটিকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা কমিটি ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করবেন। |
| ৩. | পরীক্ষার মানবণ্টন নির্ধারণ : | মানবণ্টনের বিষয়ে সর্বশেষ জারিকৃত বিদ্যমান নীতিমালা অনুসরণের বিষয়ে আলোচনা হয়। | প্রশ্নপত্রের মানবণ্টন :<br>২য়-৩য় শ্রেণিঃ বাংলা-১৫, ইংরেজি-১৫ ও গণিত-২০ মোট=৫০<br>সময় : ০১ ঘণ্টা।<br>৪র্থ-৮মশ্রেণিঃ বাংলা-৩০, ইংরেজি-৩০ ও গণিত-৪০ মোট=১০০<br>সময় : ০২ ঘণ্টা। |
| ৪. | ৯ম শ্রেণির ভর্তির বিষয়ে আলোচনা : | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যমান শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুযায়ী বিগত বছরের মত জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিদ্যালয়ের শূন্য আসনে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির বিষয়ে আলোচনা হয়। | জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিদ্যালয়ের শূন্য আসনে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির সিদ্ধান্ত হয়। তবে মেধা নির্বাচনের ক্ষেত্রে একই জিপিএ হলে বিদ্যালয় প্রধানগণ আন্তঃশিক্ষাবোর্ডের চেয়ারম্যান বরাবর তালিকা জমা দিয়ে জিপিএ ও প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা সংগ্রহ করবেন। বিদ্যালয়সমূহের মেধাতালিকা দ্রুত সরবরাহের জন্য আন্তঃশিক্ষাবোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হলো। |
| ৫. | ১ম শ্রেণির লটারি : | ১ম শ্রেণিতে ভর্তির জন্য লটারির বিষয়ে আলোচনা হয়। | বিভাগীয় সদর ও জেলা সদরের এবং উপজেলা পর্যায়ে সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে লটারির মাধ্যমে ১ম শ্রেণিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য জেলা কমিটিকে অনুরোধ জানানোর জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৬. | ভর্তি পরীক্ষার ফি নির্ধারণ : | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যমান শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুযায়ী ফি আদায় বিষয়ে আলোচনা। | নীতিমালার আলোকে ভর্তি পরীক্ষার আবেদন ফরম বাবদ ১৭০/- (একশত সত্তর) টাকা নির্ধারণ করা হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৭. | ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রচার, আবেদন ফরম বিতরণ ও গ্রহণ বিষয়ে আলোচনা। | ২০১৯ সাল পর্যন্ত আবেদন ফরম বিতরণ ও গ্রহণ সর্বশেষ জারিকৃত নীতিমালায় অনলাইনে কার্যক্রম পরিচালনার জন্য উল্লেখ থাকায় ঢাকা মহানগরীতে অনলাইনে এ আবেদন ফরম পূরণ ও ফি গ্রহণসহ যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রস্তাব করা হলো। | ১। বিভাগীয় ও জেলা সদরের এবং উপজেলা পর্যায়ে সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০১৯ শিক্ষাবর্ষের আবেদন ফরম পূরণ, জমা আবেদন ফরমের ফি গ্রহণ এবং ফলাফলের কাজ অনলাইনে করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ০১/১২/২০১৯ তারিখ দিবাগত রাত ০০.০১ থেকে ১৪/১২/২০১৯ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত অনলানে gsa.teletalk.com.bd এই ঠিকানায় আবেদন করা যাবে। বিদ্যালয়ে ভর্তি ফরম পাওয়া যাবে না।<br>৩। জেলা পর্যায়ের ভর্তি কমিটি অনলাইনে ভর্তি ফরম পূরণের নিয়মাবলি দুটি স্থানীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা করতে হবে। এতদ্ব্যতিত www.teletalk.com.bd এই ঠিকানায় বিস্তারিত নিয়মাবলি পাওয়া যাবে। |
| ৮. | অনলাইনে ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য ফার্ম নির্বাচন | ঢাকা মহানগরী ও অন্যান্য মহানগরীসহ জেলা সদরের এবং উপজেলা পর্যায়ের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত নীতিমালা-২০১৯ এ অনলাইনের মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পাদনের বিষয়ে উল্লেখ থাকায় কারিগরি সহায়তাকারী প্রতিষ্ঠান হিসেবে টেলিটক বাংলাদেশ লিমিটেড-কে কার্যাদেশ প্রদানের বিষয়ে আলোচনা। | ১। মাউশি অধিদপ্তরের সাথে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মধ্যে চুক্তি স্বাক্ষরের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হবে।<br>২। ঢাকা জেলা ব্যতিত দেশের অবশিষ্ট ৬৩ জেলা সদরের ক্ষেত্রে টেলিটক চুক্তি অনুযায়ী প্রাপ্য টাকা কেটে রেখে সংশ্লিষ্ট জেলার ভর্তি কমিটির সদস্য সচিব বরাবর চেকের মাধ্যমে প্রদান করবেন যা পরবর্তীতে জেলা কমিটির সদস্য সচিব শিক্ষার্থী অনুপাতে জেলা সদরের প্রতিষ্ঠান প্রধান বরাবর প্রদান করবেন।<br>৩। অনলাইনে আবেদন গ্রহণের জন্য টেলিটক প্রয়োজনীয় টেকনিক্যাল সাপোর্ট (ডেডিকেটেড ওয়েব সার্ভার, ডোমেইন রেজিস্ট্রেশন, নীতিমালা অনুযায়ী সফটওয়্যার তৈরি, অনলাইন ডাটার নিরাপত্তা ব্যবস্থা, ট্রেনিং) প্রদান করবেন। এবং নীতিমালা অনুযায়ী কোটাভিত্তিক ফলাফল তৈরি ও প্রকাশে টেকনিক্যাল সাপোর্ট প্রদান করবেন। |
| ৯. | কোটা নির্ধারণ | সরকরি মাধ্যমিক বিদ্যলয়ে বিদ্যমান শিক্ষার্থী ভর্তি নীতিমাল অনুযায়ী কোটা নির্ধারণের বিষয়ে আলোচনা। | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যমান শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুযায়ী নির্ধারিত কোটা অনুসরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১০. | ফিডার শাখা | ফিডার শাখায় ভর্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা। | ১ম শ্রেণি ব্যতিত ফিডার শাখায় সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ন্যায় ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তির বিষয়ে সংশ্লিষ্ট জেলা ভর্তি কমিটিকে অনুরোধ জানানোর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। |

**বিষয় : ১১। আবেদন ফরম পূরণ সংক্রান্ত :**

সিদ্ধান্ত : ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী http://gsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও Teletalk pre-paid mobile নম্বর হতে **SMS** এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

**বিষয় : ১২। আবেদন দাখিলের সময়সীমা :**

সিদ্ধান্ত :

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ : ৩০/১১/২০১৯ দিবাগত রাত ১২:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৪/১২/২০১৯ দিবাগত রাত ১২:০০ টা।
উল্লেখ্য সংশ্লিষ্ট জেলা/উপজেলা কমিটি সময়সীমা পরিবর্তন করতে পারবেন।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk pre-paid mobile নম্বর হতে **SMS** এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ১৪/১২/২০১৯ রাত ১২:০০ মিনিটের মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ পরবর্তী ৪৮ ঘণ্টা অর্থাৎ ১৬/১২/২০১৯ রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

**বিষয় : ১৩। Web Application Form পূরণ এর নিয়মাবলি :**

সিদ্ধান্ত :

১। http://gsa.teletalk.com.bd ওয়েবসাইটে browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।

২। Online-এ আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন। যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের কোটার বিষয়টি অবশ্যই উল্লেখ করতে হবে অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

৩। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেট-এ নির্ধারিত স্থানে Upload করবেন।

৪। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID-সহ ছবি Applicant's copy পাবেন।

৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৬। Online-এ আবেদনপত্রে সরবরাহকৃত বাছাইকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**বিষয় : ১৪। SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলি :**

সিদ্ধান্ত :

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১৭০/- টাকা অনধিক ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

২। প্রথম SMS : GSA<space>User ID (Web Applicatin হতে প্রাপ্ত) লিখে send করতে হবে 16222 নম্বরে

উদাহরণ : GSA<space>ABCDEF লিখে send করতে হবে 16222 নম্বরে।

*ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে । যা ব্যবহার করে দ্বিতীয় SMS-টি করতে হবে।

৩। দ্বিতীয় SMS : GSA<space>Yes<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত ) লিখে send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণ : GSA<space>yes<space>123456 লিখে send করতে হবে 16222 নম্বরে

৪। সফলভাবে আবেদন ও আবেদন ফি প্রদান সম্পন্ন হলে দ্বিতীয় SMS-এ প্রাপ্ত User. ID এবং Password ব্যবহার করে http://gsa.teletalk.com.bd ওয়েব সাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং ভর্তির জন্য অবশ্যই প্রদর্শন করতে হবে।

- ❖ এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না এবং প্রবেশপত্র Download করা যাবে না।
- ❖ স্কুল ভর্তি কার্যক্রম সম্পাদন ও এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের জন্য অন্যের উপর নির্ভরশীল না হয়ে নিজেই প্রক্রিয়াটি সম্পন্ন করতে একটি টেলিটক প্রি-পেইড সীম সংরক্ষণ করুন।
- ❖ Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং **SMS**- এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয় ।

**বিষয় : ১৫। User ID এবং PIN পুনরুদ্ধার পদ্ধতি :**

কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুররুদ্ধার করতে পারবেন।

১। User ID জানা থাকলে GSA<space>Help<space>User<space>User ID & send to 16222
Example : GSA Help User ABCDEF & send to 16222

২। PIN Numbe জানা থাকলে GSA<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Exame : GSA Help PIN 1234567& send to 16222

- ❑ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ভর্তি কমিটি/প্রধান শিক্ষকের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।
- ❑ সংশ্লিষ্ট জেলা/উপজেলা ভর্তি কমিটির সদস্য সচিব/প্রতিষ্ঠান প্রধানদের করণীয় : ভর্তি কমিটির সভাপতির সাথে আলোচনাক্রমে কমিটির সভা আহবান করে আবেদন ফরম পূরণ/জমার সময়সীমা ; শূন্য আসন নির্ধারণ পূর্বক প্রতিষ্ঠান প্রধানদের মোবাইলে টেলিটক কর্তৃক SMS এ প্রেরিত EIIN এবং Password এর মাধ্যমে **http://gsa.teletalk.com.bd** website-এ School/Authority তে login করে বিদ্যালয়সমূহের লগো, প্রতিষ্ঠান প্রধানের সীল, শিফট ও শ্রেণি ভিত্তিক শূন্য আসন সংখ্যা, বালক/বালিকা/সহশিক্ষা ইত্যাদি তথ্য সমূহ সঠিকভাবে পূরণ করবেন।
- ❑ login করার পর স্কুলের ভর্তি সংক্রান্ত তথ্য ইনপুট দেয়ার পর সেভ করে 'Summary' বাটনে ক্লিক করলে পূরণকৃত সকল তথ্য প্রদর্শিত হবে যা প্রিন্ট করে রাখা যাবে। কোন তথ্য পরিবর্তনের প্রয়োজন হলে পূণরায় সঠিক তথ্য সেভ করে পূণরায় 'Summary' বাটনে ক্লিক করে তথ্যের প্রিন্ট কপি সংরক্ষণ করুন।

- ☐ প্রতিষ্ঠান 'Application Repeort' বাটনে ক্লিক করে আবেদন সংক্রান্ত তথ্য দেখতে পারবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পরে এই তথ্য অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে।
- ☐ এছাড়া http://gsa.teletalk.com.bd website-এ প্রতিষ্ঠানের প্রোফাইল পূরণের প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধানদের জন্য একটি নির্দেশনা থাকবেন।

**বিষয় : ১৬। ভর্তি নীতিমালা ২০১৭ অনুযায়ী কোটা নির্ধারণের বিষয়ে আলোচনা হয়।**

টেলিটক এর কর্মকর্তাকে সফ্টওয়্যার-এ নীতিমালা অনুযায়ী কোটা অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। এক্ষেত্রে ৬ষ্ঠ শ্রেণিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১০% কোটা, প্রতিবন্ধি শিক্ষার্থীদের ২% কোটা, শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সন্তান সন্তুতিদের (বাংলাদেশ সচিবালয়) ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা কর্মচারীদের সন্তান সন্তুতিদের ২%কোটা, মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনিদের ৫% কোটা টেলিটকের সফ্টওয়্যারে নিশ্চিত করতে হবে।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২১.১১.১৭

( প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক )
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
ফোন : ৯৫৫৩৫৪২

স্মারক নং-৩৭এম/১০৩-সম(অংশ-৬)/২০১৩/ ৭১৭০

তারিখ : ২১/১১/২০১৭খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)।
০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (সকল)।
০৩। জেলা প্রশাসক (সকল)।
০৪। মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড সেলস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, বনানী, ঢাকা।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), (সকল)।
০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
০৭। জেলা শিক্ষা অফিসার (সকল)।
০৮। সহকারী পরিচালক (মা-১/মা-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা (সকল)।
১০। বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)।
১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা..........................................................................।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩। পরিচালক (কলেজ ও প্রশাসন)/(মাধ্যমিক), এর ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৪। সংরক্ষণ নথি।

২১-১১-২০১৭

( মোঃ এনামুল হক হাওলাদার )
উপপরিচালক (কলেজ-২)
ও
উপপরিচালক (মাধ্যমিক)
অতিরিক্ত দায়িত্ব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
ফোন : ৯৫৬০২৬৫